



### প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: রাশিয়ান ফেডারেশনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত কামরুল আহসান এর ইভানোভো অঞ্চল (Ivanovo Region) সফর এবং গভর্ণর ভসক্রিসেসসকি স্তানিস্লাভ সাগেইভিচ (Voskresensky Stanislav Sergeevich) এর সাথে বৈঠক অনুষ্ঠিত।**

২৩ নভেম্বর ২০২৩ খ্রি.

রাশিয়ান ফেডারেশনে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত কামরুল আহসান গত ১৯ নভেম্বর থেকে ২১ নভেম্বর ২০২৩ পর্যন্ত রাশিয়ার ইভানোভো অঞ্চল সফর করেন। সফরকালে তিনি এই অঞ্চলের গভর্ণর মি. ভসক্রিসেসসকি স্তানিস্লাভ সাগেইভিচ এর সাথে আনুষ্ঠানিক বৈঠক করেন। উক্ত বৈঠকে উভয় দেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক সহ পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট নানাবিধ বিষয়ে আলোচনা হয়।

আলোচনায় রাষ্ট্রদূত কামরুল আহসান গত দেড় দশকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের যে অভূতপূর্ব উন্নয়ন সংঘটিত হয়েছে সে সম্পর্কে গভর্ণর কে অবহিত করেন। তিনি দু'দেশের মধ্যকার বিদ্যমান অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক আরও বৃদ্ধিকল্পে পারস্পরিক সহযোগিতার নতুন নতুন ক্ষেত্র উন্মোচনের উপর গুরুত্বারোপ করেন। রাশিয়ার সহযোগিতায় বাংলাদেশে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কথা উল্লেখ করে তিনি বাংলাদেশের বিভিন্ন অবকাঠামো নির্মাণক্ষেত্রে রাশিয়ার আরও সক্রিয় অংশগ্রহণ আশা করেন। ইভানোভো শহরটি রাশিয়ার পোষাক শিল্পের জন্য বিখ্যাত এবং এই শহরে অনেক পোষাক তৈরির কারখানা রয়েছে। এখানকার পোষাক কারখানাগুলোতে বাংলাদেশ থেকে দক্ষ শ্রমিক নিয়োগের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও সহযোগিতার জন্য রাষ্ট্রদূত গভর্ণর সাগেইভিচ কে অনুরোধ জানান। আলোচনায় দুই দেশের মধ্যে শিক্ষা ও সাংস্কৃতিক ক্ষেত্রেও পারস্পরিক সহযোগিতার বিষয় গুরুত্ব সহকারে আলোচিত হয়।

গভর্ণর ভসক্রিসেসসকি স্তানিস্লাভ সাগেইভিচ দুই দেশের মধ্যে বিদ্যমান দ্বি-পাক্ষিক সম্পর্ক সুদৃঢ়করণে এবং সহযোগিতার নতুন ক্ষেত্র উন্মোচনে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মহলে কথা বলবেন বলে রাষ্ট্রদূত কামরুল আহসানকে আশ্বস্ত করেন। এছাড়াও বাংলাদেশের সাথে ইভানোভো অঞ্চলের বাণিজ্য, শিক্ষা, সংস্কৃতিসহ অন্যান্য বিষয়ে পারস্পরিক সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে তিনি তাঁর সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের বিষয়ে অঙ্গীকার করেন। উক্ত বৈঠকে আরও উপস্থিত ছিলেন দূতাবাসের প্রথম সচিব (শ্রম) মো: মাজেদুর রহমান সরকার এবং ইভানোভো অঞ্চলের আঞ্চলিক সরকারের বাণিজ্য, বিনিয়োগ, শিক্ষা, সংস্কৃতি ও পর্যটন, শ্রম বিষয়ক পরিচালকবৃন্দ।

সফরকালে রাষ্ট্রদূত স্থানীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর প্রেসিডেন্ট লিওনিড ইভানভ ও চেম্বারের অন্যান্য সদস্যদের সাথে বৈঠক করেন। বৈঠকে ইভানোভো অঞ্চলের সাথে কিভাবে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক বৃদ্ধি করা যায় সেই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পারস্পরিক বাণিজ্য বৃদ্ধিকল্পে রাষ্ট্রদূত এই অঞ্চলের ব্যবসায়ীদের বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্য মেলায় নিজেদের পণ্য প্রদর্শনের জন্য আমন্ত্রণ জানান। এতে করে রাশিয়ান পণ্য সম্পর্কে বাংলাদেশের ব্যবসায়ী ও সাধারণ মানুষ ভালো ধারণা পেতে পারে। এছাড়াও বাংলাদেশে অবস্থিত রাশিয়ান দূতাবাসের সহযোগিতায় শুধুমাত্র রাশিয়ার বিভিন্ন পণ্য নিয়ে বৃহৎ পরিসরে ঢাকায় পৃথক মেলা বা প্রদর্শণীর আয়োজন করা যেতে পারে বলে তিনি মতামত দেন। শিক্ষাক্ষেত্রে সহযোগিতার সম্পর্ক বৃদ্ধিকল্পে ইভানোভো স্টেট পলিটেকনিক ইউনিভার্সিটিতে রাষ্ট্রদূত কামরুল আহসানের সাথে এই অঞ্চলের একাধিক বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদের একটি মতবিনিময় সভাও অনুষ্ঠিত হয়।

